# বাংলাদেশ-ইন্ডিয়া ফ্রেন্ডশিপ পাওয়ার কোম্পানি (প্রা.) লিমিটেড

**(বিপিডিবি এবং এনটিপিসি লিমিটেডের একটি যৌথ প্রতিষ্ঠান)**

**নিবন্ধিত অফিস :** ইউনিক হাইটস (বোরাক), লেভেল-১৭, ১১৭, কাজী নজরুল ইসলাম এভিনিউ, ইস্কাটন গার্ডেন, ঢাকা-১০০০।

স্মারক নং: বিআইএফপিসিএল/এইচআরডি/২০২২/ওএন্ডএম/০২ | তারিখ: ১৩.০১.২০২২

## নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড (বিপিডিবি), বাংলাদেশ এবং এনটিপিসি লিমিটেড (এনটিপিসি), ভারতের যৌথ মালিকানাধীন প্রতিষ্ঠান বাংলাদেশ-ইন্ডিয়া ফ্রেন্ডশিপ পাওয়ার কোম্পানি (প্রা.) লিমিটেড (বিআইএফপিসিএল) বাগেরহাট জেলার রামপাল উপজেলায় একটি অত্যাধুনিক ২ X ৬৬০ মেগাওয়াট মৈত্রি সুপার থার্মাল পাওয়ার প্রকল্প বাস্তবায়ন করছে। উক্ত কোম্পানি নিম্নলিখিত শূন্য পদে চুক্তি ভিত্তিতে অবিলম্বে নিয়োগের জন্য দক্ষ এবং অভিজ্ঞ বাংলাদেশী নাগরিকদের কাছ থেকে অনলাইনে (**http://bifpcl.teletalk.com.bd ওয়েবসাইটে**) নির্ধারিত সময়ের মধ্যে অনলাইন (online) এ আবেদনপত্র আহ্বান করা যাচ্ছে। অনলাইন (online) ব্যতীত অন্য কোন মাধ্যমে প্রেরিত আবেদন গ্রহণ করা হবে না।

| ক্রঃ নং | পদের নাম ও বিআইএফপিসিএলের ষ্টাফ লেভেল, মূল বেতন ও সর্বোচ্চ বয়সসীমা | পদের সংখ্যা | ন্যূনতম যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|
| ১ | অপারেটর/টেকনিশিয়ান-মেকানিক্যাল<br>(স্টাফ লেভেল-৪)<br>মূল বেতনঃ ২৩,০০০<br>বয়সঃ সর্বোচ্চ ৪৫ বছর | ৩৫ | ক) যেকোন স্বীকৃত প্রতিষ্ঠান থেকে মেকানিক্যাল সংশ্লিষ্ট ট্রেডে ন্যূনতম এইচএসসি (ভোকেশনাল) অথবা ন্যূনতম এইচএসসিসহ (বিজ্ঞান) ০৩ (তিন) মাসের সংশ্লিষ্ট ট্রেড সার্টিফিকেট কোর্স।<br>খ) যেকোন প্রতিষ্ঠানে ন্যূনতম ০৫ বছর সংশ্লিষ্ট কাজের অভিজ্ঞতা।<br>গ) বাংলা ও ইংরেজিতে যোগাযোগ দক্ষতা থাকতে হবে (লিখিত ও মৌখিক)।<br>**কাঙ্ক্ষিত অভিজ্ঞতা :** তাপ/গ্যাস/ তেল ভিত্তিক পাওয়ার প্ল্যান্টে কাজের অভিজ্ঞতা। |
| ২ | অপারেটর/টেকনিশিয়ান-ইলেক্ট্রিক্যাল<br>(স্টাফ লেভেল-৪)<br>মূল বেতনঃ ২৩,০০০<br>বয়সঃ সর্বোচ্চ ৪৫ বছর | ২০ | ক) যেকোন স্বীকৃত প্রতিষ্ঠান থেকে ইলেক্ট্রিক্যাল সংশ্লিষ্ট ট্রেডে ন্যূনতম এইচএসসি (ভোকেশনাল) অথবা ন্যূনতম এইচএসসিসহ (বিজ্ঞান) ০৩ (তিন) মাসের সংশিষ্ট ট্রেড সার্টিফিকেট কোর্স।<br>খ) যেকোন প্রতিষ্ঠানে ন্যূনতম ০৫ বছর সংশ্লিষ্ট কাজের অভিজ্ঞতা।<br>গ) বাংলা ও ইংরেজিতে যোগাযোগ দক্ষতা থাকতে হবে (লিখিত ও মৌখিক)।<br>**কাঙ্ক্ষিত অভিজ্ঞতা :** তাপ/গ্যাস/তেল ভিত্তিক পাওয়ার প্ল্যান্টে কাজের অভিজ্ঞতা। |
| ৩ | অপারেটর/টেকনিশিয়ান-আইটি/ কম্পিউটার<br>(স্টাফ লেভেল-৪)<br>মূল বেতনঃ ২৩,০০০<br>বয়সঃ সর্বোচ্চ ৪৫ বছর | ০১ | ক) যেকোন স্বীকৃত প্রতিষ্ঠান থেকে আইটি/কম্পিউটার সংশ্লিষ্ট ট্রেডে ন্যূনতম এইচএসসি (ভোকেশনাল) অথবা ন্যূনতম এইচএসসিসহ (বিজ্ঞান) ০৩ (তিন) মাসের সংশ্লিষ্ট ট্রেড সার্টিফিকেট কোর্স।<br>খ) যেকোনো প্রতিষ্ঠানে ন্যূনতম ০৫ বছর সংশ্লিষ্ট কাজের অভিজ্ঞতা।<br>গ) বাংলা ও ইংরেজিতে যোগাযোগ দক্ষতা থাকতে হবে (লিখিত ও মৌখিক)। |
| ৪ | ফায়ার ইন্সপেক্টর<br>(স্টাফ লেভেল-৪)<br>মূল বেতনঃ ২৩,০০০<br>বয়সঃ সর্বোচ্চ ৪৫ বছর | ০১ | ক) স্বীকৃত বিশ্ববিদ্যালয়/ইন্সটিটিউট থেকে যেকোন বিষয়ে ন্যূনতম স্নাতক অথবা নূন্যতম এইচএসি/সমমানসহ যেকোনো প্রতিষ্ঠানে ন্যূনতম ০৫ (পাঁচ) বছরের সংশিষ্ট কাজের অভিজ্ঞতা।<br>খ) বাংলা ও ইংরেজিতে যোগাযোগ দক্ষতা থাকতে হবে (লিখিত ও মৌখিক)।<br>গ) কম্পিউটার অ্যাপিকেশন সফ্‌ওয়্যারে প্রাথমিক কাজের সক্ষমতা।<br>**কাঙ্ক্ষিত অভিজ্ঞতা :** তাপ/গ্যাস/তেল ভিত্তিক পাওয়ার প্ল্যান্টে কাজের অভিজ্ঞতা। |
| ৫ | অপারেটর/টেকনিশিয়ান-আইটি/ কম্পিউটার<br>(স্টাফ লেভেল-৬)<br>মূল বেতনঃ ১৮,০০০<br>বয়সঃ সর্বোচ্চ ৩৫ বছর | ০১ | ক) যেকোন স্বীকৃত প্রতিষ্ঠান থেকে আইটি/কম্পিউটার সংশ্লিষ্ট ট্রেডে ন্যূনতম এসএসসি (ভোকেশনাল) অথবা ন্যূনতম এসএসসিসহ (বিজ্ঞান) ০৩ (তিন) মাসের সংশ্লিষ্ট ট্রেড সার্টিফিকেট কোর্স।<br>খ) যেকোন প্রতিষ্ঠানে নূন্যতম ০৫ বছর সংশিষ্ট কাজের অভিজ্ঞতা।<br>গ) বাংলা ও ইংরেজিতে যোগাযোগ দক্ষতা থাকতে হবে (লিখিত ও মৌখিক)। |

**কমপেনসেশন প্যাকেজ :**

ক) বিআইএফপিসিএল এর পলিসি অনুযায়ী মূল বেতন, বাড়ি ভাড়া ভাতা, চিকিৎসা সুবিধা, বোনাস, সিপিএফ, গ্র্যাচুইটি এবং অন্যান্য ফ্রীঞ্জ বেনিফিট পরিশোধ করা হবে।

খ) আয়কর কর্মচারী নিজে পরিশোধ করবে।

**চাকুরীর প্রকৃতি :**

চাকুরীর প্রকৃতি সম্পূর্ণ চুক্তিভিত্তিক। বিআইএফপিসইএল এর বিদ্যমান বা সময়ে সময়ে সংশোধিত পলিসি অনুসারে চাকুরীর প্রাথমিক চুক্তির মেয়াদ ০১ বছরের শিক্ষানবিশ কালসহ মোট ০৩ (তিন) বছর যা সন্তোষজনক কর্মক্ষমতা সাপেক্ষে পরবর্তীতে ০৩ (তিন) বছর অন্তর নবায়নের ভিত্তিতে প্রার্থীর ৬০ (ষাট) বছর বয়স পর্যন্ত প্রযোজ্য।

**সাধারণ শর্ত :**

১. আগ্রহী প্রার্থীদের অনলাইনে আবেদন করতে হবে। আবেদনের সময় প্রার্থীদের স্ক্যান করা রঙ্গিন ছবি এবং স্বাক্ষর যথাস্থানে আপলোড করতে হবে।

২. অনলাইনে http://bifpcl.teletalk.com.bd এই ওয়েবসাইটে ১৩.০১.২০২২ তারিখ (সকাল ১০:০০ টা) থেকে ৩১.০১.২০২২ (বিকাল ৫.০০ টা) তারিখ পর্যন্ত আবেদন করা যাবে।

৩. সর্বোচ্চ বয়স ও অভিজ্ঞতা ৩১.০১.২০২২ তারিখে গণনা করা হবে।

৪. শিক্ষাজীবনের কোন পর্যায়ে তৃতীয় বিভাগ/শ্রেণী গ্রহণযোগ্য হবে না। গ্রেডিং পদ্ধতিতে উত্তীর্ণ প্রার্থীদের সকল পর্যায়ে ৫.০ স্কেলে কমপক্ষে জিপিএ ২.০ এবং ৪.০ স্কেলে সিজিপিএ ২.২৫ থাকতে হবে।

৫. আগ্রহী প্রার্থীদের প্রত্যেককে **৪৪৮ (চারশত আটচল্লিশ) টাকা** আবেদন ফি জমা দিতে হবে। **http://bifpcl.teletalk.com.bd** এই ওয়েবসাইটে উল্লিখিত প্রয়োজনীয় নির্দেশণাবলী অনুসরণ করে যেকোন টেলিটক মোবাইল নাম্বার থেকে SMS এর মাধ্যমে উক্ত ফি জমা দেয়া যাবে।

৬. সরকারি/আধা-সরকারি/স্বায়ত্তশাসিত সংস্থা/সরকারী মালিকানাধীন প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।

৭. বিদেশী বিশ্ববিদ্যালয়/ইন্সটিটিউট থেকে পাস করা প্রার্থীদের একটি উপযুক্ত কর্তৃপক্ষ/সরকারি সংস্থা থেকে জারি করা সমমানের সার্টিফিকেট/প্রত্যয়ন থাকতে হবে।

৮. কোন কালার ব্লাইন্ড ব্যক্তি বর্ণিত পদে আবেদনের জন্য উপযুক্ত নয়।

৯. নিয়োগ প্রক্রিয়ায় উপস্থিত/অংশগ্রহণের জন্য কোন টিএ/ডিএ প্রদান করা হবে না।

১০. নিয়োগ প্রক্রিয়ার যেকোনো পর্যায়ে কোনো মিথ্যা কিংবা ভুল তথ্য পাওয়া গেলে, কর্তৃপক্ষ আবেদনকারীর প্রার্থিতা বাতিল করার অধিকার সংরক্ষণ করে।

১১. বিআইএফপিসিএল লিখিত/মৌখিক পরীক্ষায় প্রার্থী বাছাই করার অধিকার সংরক্ষণ করে। আবেদনকারীদের ন্যূনতম যোগ্যতার মানদন্ড পূরণই লিখিত/মৌখিক পরীক্ষার সংক্ষিপ্ত তালিকায় বিবেচনার জন্য যথেষ্ট নয়। উক্ত বিষয়ে বিআইএফপিসিএলের সিদ্ধান্তই চূড়ান্ত হবে।

১২. বিআইএফপিসিএল প্রয়োজনে নিয়োগ/নির্বাচন প্রক্রিয়া বাতিল/সীমাবদ্ধ/পরিবর্তন/পরিবর্ধনের অধিকার সংরক্ষণ করে।

**অনলাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলী ও শর্তাবলী :**

ক. পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক প্রার্থীগণ http://bifpcl.teletalk.com.bd ওয়েবসাইটে প্রবেশ করে আবেদন ফরম পূরণ করতে পারবেন। আবেদনের সময়সীমা নিম্নরূপঃ-

i. Online-এ আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ ও সময়: ১৩/০১/২০২২ খ্রিঃ সকাল ১০.০০ টা।

ii. Online-এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময়: ৩১/০১/২০২২ খ্রিঃ বিকাল ০৫.০০ টা। উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online-এ আবেদনপত্র Submit-এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘণ্টার মধ্যে SMS এর মাধ্যমে আবেদন ফি জমা দিতে পারবেন।

খ. Online আবেদনপত্রে প্রার্থী তাঁর রঙ্গিন ছবি (দৈর্ঘ্য ৩০০ × প্রস্থ ৩০০) Pixel ও স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০ × প্রস্থ ৮০) Pixel স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন।

গ. Online আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online -এ আবেদনপত্র Submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

ঘ. প্রার্থী Online-এ পূরণকৃত আবেদনপত্রের একটি রঙ্গিন প্রিন্টকপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনে সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন।

ঙ. SMS প্রেরণের নিয়মাবলী ও আবেদন ফি প্রদান: Online -এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মতো ছবি এবং স্বাক্ষর Upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। আবেদনপত্র Submit করা সম্পন্ন প্রার্থী একটি User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's copy পাবেন। যদি Applicant's copy তে কোন তথ্য ভুল থাকে বা অস্পষ্ট ছবি (সম্পূর্ণ কালো/সম্পূর্ণ সাদা/ঘোলা) বা ছবি/স্বাক্ষর সঠিক না থাকে তাহলে পুনরায় আবেদন করতে পারবেন। তবে আবেদন ফি জমাদানের পরে আর কোন পরিবর্তন/পরিমার্জন/পরিবর্ধন গ্রহণযোগ্য নয় বিধায় আবেদন ফি জমাদানের পূর্বে প্রার্থী অবশ্যই উক্ত Applicant's copy তে তার সাম্প্রতিক তোলা রঙিন ছবি, নির্ভুল তথ্য ও স্বাক্ষর সংযুক্ত থাকা ও এর সঠিকতার বিষয়টি PDF copy ডাউনলোড পূর্বক নিশ্চিত করে রঙিন প্রিন্ট করে সংরক্ষণ করবেন। Applicant's কপিতে একটি User ID নম্বর দেয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk pre-paid mobile নম্বরের মাধ্যমে ০২ (দুই) টি SMS করে আবেদন ফি বাবদ **৪০০/- (চারশত)** টাকা ও Teletalk এর সার্ভিস চার্জ বাবদ **৪৮/- (আটচল্লিশ)** টাকা সহ (অফেরতযোগ্য) সর্বমোট **৪৪৮/-( চারশত আটচল্লিশ)** টাকা অনলাইনে আবেদন submit-এর পর অনধিক ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিবেন। এখানে বিশেষভাবে উল্লেখ্য, Online আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও আবেদন ফি জমা না দেয়া পর্যন্ত Online আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবেনা।

**প্রথম SMS** : BIFPCL<space>User ID লিখে Send করতে হবে ১৬২২২ নম্বরে।

Example : BIFPCL ABCDEF

Reply: Applicant's Name, **Tk-448-** will be charged as application fee. Your PIN is 12345678. To pay fee Type BIFPCL <Space>Yes < Space>PIN and send to 16222 নম্বরে।

**দ্বিতীয় SMS** : BIFPCL<space>YES<Space>PIN লিখে Send করতে হবে 16222 নম্বরে।

Example : BIFPCL YES 12345678

Reply : Congratulations Applicant's Name, payment completed successfully for BIFPCL Application for <post name> User ID is (ABCDEF) and password (xxxxxx).

চ. প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি http://bifpcl.teletalk.com.bd ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS এর মাধ্যমে (শুধুমাত্র যোগ্যপ্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।

ছ. SMS-এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও স্থানের/কেন্দ্রের নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক রঙ্গিন Print করে নিবেন। প্রার্থী প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময় এবং লিখিত পরীক্ষায় উত্তীর্ণ হলে ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) ও মৌখিক পরীক্ষার সময় অবশ্যই প্রদর্শন করবেন।

জ. শুধুমাত্র Teletalk pre-paid mobile ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং Password পুনরুদ্ধার করতে পারবেন।

**(i) User ID জানা থাকলে:** BIFPCL<space>Help<Space>User<Space>User ID Send To 16222.

Example : BIFPCL HELP USER ABCDEF & Send to 16222

**(ii) PIN Number জানা থাকলে :** BIFPCL<space>Help<Space>PIN<Space>PIN No. & Send To 16222.

Example: BIFPCL HELP PIN 12345678 & Send to 16222

ঝ. বিজ্ঞপ্তিটি পত্রিকা ছাড়াও **www.bifpcl.com** ওয়েবসাইটে **http://bifpcl.teletalk.com.bd** এবং অথবা QR Code স্ক্যান এর মাধ্যমে বাংলাদেশের একমাত্র রাষ্ট্রীয় মোবাইল অপারেটর টেলিটকের জবপোর্টাল **https://alljobs.teletalk.com.bd** ওয়েবসাইটে সরাসরি প্রবেশ করেও বিজ্ঞপ্তিটি পাওয়া যাবে। বিজ্ঞাপনে উল্লিখিত পদ/পদসমূহের চূড়ান্ত সুপারিশ প্রণয়নের ক্ষেত্রে সরকারের সর্বশেষ কোটানীতি অনুসরণ করা হবে।

ঞ. Online-এ আবেদন করতে কোন সমস্যা হলে Teletalk নম্বর থেকে ১২১ নম্বরে অথবা **vas.query@teletalk.com** ই-মেইলে যোগাযোগ করা যাবে। (Mail এর subject-এ Organization Name: **BIFPCL**, Post Name: *****, Applicant's User ID I Contact Number অবশ্যই উল্লেখ করতে হবে)।

ট. লিখিত ও মৌখিক পরীক্ষার নোটিশ প্রার্থীর মোবাইল SMS-এর মাধ্যমে ও বিআইএফপিসিএল এর ওয়েবসাইট **(www.bifpcl.com)** এর মাধ্যমে জানানো হবে।

***** শেষ তারিখ ও সময়ের জন্য অপেক্ষা না করে হাতে যথেষ্ট সময় নিয়ে Online এ আবেদনপত্র পূরণ ও আবেদন ফি জমাদান করতে পরামর্শ দেয়া যাচ্ছে।**

**(এইচ. এম. জিয়াউদ্দিন)**
প্রধান মানবসম্পদ কর্মকর্তা
বাংলাদেশ-ইন্ডিয়া ফ্রেন্ডশিপ পাওয়ার কোম্পানি (প্রা.) লিমিটেড